

ফতওয়া নং ৩১৫

প্রশ্ন:

তারাবির নামাজের ৪ রাকাত পর পর যে দুআ ও মোনাজাতটা সাধারণত সবাই পড়ে থাকে। এই দুআ দুটি পড়ার মূলত হুকুম কি ?

উত্তর:

চার রাক'আত পর বিরতিতে কোনো নির্দিষ্ট আমলের নির্দেশ নেই। তাই ওই সময় চুপ করে বসে থাকলেও কোনো ক্ষতি নেই। তবে, কোনো নেকীর কাজ যেমন- তেলাওয়াত, তাসবীহ-তাহলীল, দু'আ-দরুদ প্রভৃতি কোরআন-হাদীসে বর্ণিত যেকোনো যিকিরে মশগুল থাকা ভালো। প্রচলিত "সুবহানা যিল মুলকি..." তাসবীহটিও পড়া যায়। অনুরূপ জরুরি মনে না করে প্রচলিত "আল্লাহুমা ইন্নাসআলুকাল জান্নাতা ওয়া নাউযুবিকা মিনান্নার..." মোনাজাতটিও করা যায়। তবে কোনো বাধ্যবাধকতা নেই। অতএব, এক্ষেত্রে কোনো দু'আ বা আমল করাকে জরুরি মনে করা নিষেধ। (শামী ২/৪৬ পৃষ্ঠা দৃষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
০৮ রমাযান, ১৪৪৫ হিজরী (19/03/2024)